127

দৈনিক সংবাদ

তারিখ ... 15 APR 1998 ...
পৃষ্ঠা ৫ কলাম ২ ...

আসছে এসএসসি পরীক্ষা

# নওগাঁতে নকল উপযোগী হ্যান্ডনোটের ছড়াছড়ি

নওগাঁ, ১৩ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)।– এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের নকলের সুবিধার্থে বাজারে উঠেছে নানা প্রকাশনীরহ্যান্ডনোট।

বিষয়ভিত্তিক প্রশ্ন-উত্তর আঁটা এসব নোটবই বাজারজাত করা হয়েছে প্রায় এক বছর আগে থেকেই। এগুলোর প্রচলন হয় গত বছর '৯৭ সালের এসএসসি পরীক্ষা থেকে। এখন প্রকাশ্যে বাজারে বিক্রি হচ্ছে, কিন্তু দেখার কেউ নেই। নোটগুলোর গায়ে মূল্য লেখা রয়েছে ৫০ থেকে দেড়শ' টাকা পর্যন্ত। কিন্তু বেচাকেনা হয় ১০ থেকে ১৫ টাকায়। প্রতিটি পরীক্ষার্থীর কাছেই এখন এসব নোটবই রয়েছে। তারা এখন পড়াশোনা নয়, এই নোটেরই অনুশীলন করে চলেছে। কেবল এসএসসি পরীক্ষার্থীই নয় এইচএসসি পরীক্ষার্থীরাও এই নোট যোগাড় করছে। তাদের জন্যও এই হ্যান্ডনোট বের হয়েছে। এমনকি স্কুলগুলোর নবম ও দশম শ্রেণীর ছাত্রছাত্রীরাও এখন থেকেই এই নোট যোগাড় করছে। বোর্ডের পাঠ্যবই ছাড়া তারা এই নোটেরই অনুশীলন করে চলেছে। শিক্ষক, অভিভাবক ও প্রশাসন সবাই দেখছে, শুনছে; অথচ না দেখারই ভবন করছে।



*নওগাঁ ঃ একটি বইয়ের দোকানে হ্যান্ডনোটেরস্তূপ। – সংবাদ*